

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
মজুরী বোর্ড শাখা
www.mole.gov.bd



স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০১৬.৪০.০০১.২১.৩৫

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৭

০৭ মার্চ ২০২১

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান- এর ১০১ তম জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২১ উপলক্ষে অনলাইন ভিত্তিক কবিতা আবৃত্তি প্রতিযোগিতার আবেদন করার সময় বৃদ্ধি প্রসঙ্গে।

সূত্র: মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০১৬.৪০.০০১.২১.২৯, তারিখ: ২৫-০২-২০২১।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান- এর ১০১ তম জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২১ উপলক্ষে অনলাইন ভিত্তিক কবিতা আবৃত্তি প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আবেদন করার সময় সীমা ১০.০৩.২০২১ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। কবিতা আবৃত্তি প্রতিযোগিতায় অংশগ্রহণের আবেদনপত্রের নমুনা প্রোফর্মা পুনরায় সংযুক্ত করে সংশ্লিষ্ট সকল পর্যায়ে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো। প্রতিযোগিতায় অংশগ্রহণের নিয়মাবলী নিম্নরূপ:

প্রতিযোগিতায় অংশগ্রহণের নিয়মাবলীঃ

(ক) মন্ত্রণালয় ও এর আওতাধীন অধিদপ্তর/দপ্তর /সংস্থা সমূহের কর্মকর্তা/কর্মচারীগণের ১৪ বছর পর্যন্ত বয়সী সন্তানগণ এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।

(খ) কবিতার থিম হবে 'শিশুদের বঙ্গবন্ধু'।

(গ) বয়স অনুযায়ী আবেদনকারী প্রতিযোগীদের ক-গ্রুপ (০৪ বছর হতে অনূর্ধ্ব ০৮ বছর), খ-গ্রুপ (উর্ধ্ব ০৮ বছর হতে অনূর্ধ্ব ১২ বছর), এবং গ-গ্রুপ (উর্ধ্ব ১২ বছর হতে অনূর্ধ্ব ১৪ বছর) এই তিনটি গ্রুপে আবেদন করতে হবে।

উল্লেখ্য যে, ক-গ্রুপ এর জন্য আবৃত্তির সময়সীমা ০৩ মিনিট, খ-গ্রুপ এবং গ-গ্রুপ এর জন্য আবৃত্তির সময়সীমা ০২ মিনিট।

(ঘ) মন্ত্রণালয়ের ওয়েবসাইট হতে আবেদনপত্রের প্রোফর্মা সংগ্রহ করতে হবে।

(ঙ) Zoom App এর মাধ্যমে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতা অনুষ্ঠানের তারিখ, আইডি ও পাসওয়ার্ড যথাসময়ে প্রতিযোগীদের জানানো হবে। এ সংক্রান্ত আপডেট তথ্য (Zoom App এর মাধ্যমে অনুষ্ঠেয় প্রতিযোগিতার তারিখ, সময়, আইডি, পাসওয়ার্ড সংক্রান্ত তথ্য) প্রাপ্তির জন্য আবেদনকারীগণকে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর ওয়েবসাইট ভিজিট করতে হবে।

(চ) প্রতিযোগিতা অনুষ্ঠানে একটি জুরি বোর্ড বিজয়ী নির্বাচন করবে। এক্ষেত্রে বিজয়ী নির্বাচনে জুরি বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(ছ) আবেদনপত্র পূরণ করে (হার্ড কপি) ১০ মার্চ ২০২১ তারিখ বেলা ৫.০০ টার মধ্যে নিম্নলিখিত ঠিকানায় পৌঁছাতে হবেঃ

উপসচিব (মজুরী বোর্ড শাখা), কক্ষ নং ৫২১, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ;


অথবা,

নিম্নলিখিত যেকোনো একটি ইমেইল ঠিকানায় ১০ মার্চ ২০২১ তারিখ বেলা ৫.০০ টার মধ্যে আবেদনপত্র পূরণ করে (PDF) প্রেরণ করতে হবেঃ

১) section6@mole.gov.bd

২) ame@mole.gov.bd

সংযুক্তি: কবিতা আবৃত্তি প্রতিযোগিতায় অংশগ্রহণের আবেদনপত্রের নমুনা প্রোফর্মা।



৭-৩-২০২১

শাহানা জামান

উপসচিব

বিতরণ :

- ১) সকল কর্মকর্তা (স্ব স্ব আওতাধীন কর্মচারীবৃন্দকে অবহিত করণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ২) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন সকল অধিদপ্তর / দপ্তর / সংস্থার প্রধান (স্ব স্ব আওতাধীন কর্মচারীবৃন্দকে অবহিত করণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৩) সকল কর্মকর্তা (১০ গ্রেড) (স্ব স্ব আওতাধীন কর্মচারীবৃন্দকে অবহিত করণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।


স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০১৬.৪০.০০১.২১.৩৫/১(৩)

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৭

০৭ মার্চ ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।



৭-৩-২০২১

শাহানা জামান

উপসচিব



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী ও
জাতীয় শিশু দিবস ২০২১ উপলক্ষে অনলাইন ভিত্তিক কবিতা আবৃত্তি প্রতিযোগিতায় অংশগ্রহণের আবেদনপত্র
আয়োজনে: শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

অংশগ্রহণকারীর নাম:

জন্ম তারিখ:

শ্রেণী:

ছবি

বিদ্যালয়ের নাম:

বর্তমান ঠিকানা:

স্থায়ী ঠিকানা:

পিতার নাম:

মাতার নাম:

পিতা/মাতার পদবী,
কর্মস্থলের ঠিকানা,
মোবাইল নম্বর:

তারিখ:

আবেদনকারীর স্বাক্ষর

তারিখ:

মন্ত্রণালয়/অধিদপ্তর/দপ্তর/সংস্থার

সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর

[বি:দ্র : প্রতিযোগিতায় অংশগ্রহণকারীর জন্মসনদপত্র আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে]